

## শিরনামহীন ছড়া

(১)

মুক্তচিন্তা অপরাধ, মুক্তকথা গুনাহ  
মুক্ত কিছু লেখা এখন থেকে মানা।  
গুনাহ, গুনাহ, গুনাহ এখন ভিন্নদৃষ্টিতে দেখা  
তার থেকেও বড় গুনাহ মুক্ত কিছু বলা।  
যা বলবে গুনতে হবে, যা বলবে লিখতে হবে  
না মানলে অবস্থা এমন, আজাদ স্যারের মতোন।

(২)

সামনে দিয়ে আসছে সাম্রাজ্যবাদের ঝড়,  
পিছনে আছে মৌলবাদের ছুরি।  
এই বিপদ থেকে কিভাবে বাঁচবে গোটা জাতি ॥  
ব্যর্থ আমরা, ব্যর্থ হচ্ছে এই বাঙ্গালি জাতি।  
বুক ফুলিয়ে বলার মতো নেইতো কিছু বাকি ॥  
দুর্নীতিতে চ্যাম্পিয়ন, মানবাধিকার পরিস্থিতি নাজুক।  
দেশ বাঁচতে হলে এখন গোটা জাতি জাগুক ॥  
বিফল রাষ্ট্রযন্ত্র, বিকল আমাদের জাতীয় সত্তা,  
ক্ষুধার্ত তিনশের মাঝে আজ,  
প্রশ্নবিদ্ধ মুক্তিযুদ্ধের চেতনা ॥

### ঈশ্বরকে

আসমান আমার, জমিন আমার।  
তোমায় আমি প্রভু মানি নাকো ॥

উর্ধ্বে আমার পদচারণা, মর্তে আমার বসত।  
তোমায় আমি বিশ্বাস করি নাতো ॥

জীবন আমার সত্য, চেতনা আমার জাগ্রত।  
মৃত্যুকে আমি ভয় করি নাতো ॥

তোমার অস্তিত্ব নাঙ্গা তলোয়ারে, তোমার অস্তিত্ব  
ফতোয়ায়।  
তোমার কোন অস্তিত্ব নেই বৈশাখী কিংবা পার্বনের মেলায় ॥

তোমার খোঁজে মানুষ ছুটে যায়-  
মক্কা কিংবা মদিনায় কিংবা গয়া, কাশীতে।  
তোমায় আমি খুঁজে পাই মোদি, লাদেনের হাসিতে ॥  
তোমায় আমি দেখি না ইরাক কিংবা আফগান শিশুর  
কান্নাতে ॥

তোমার গল্প শুনি রূপকথায়।  
তোমার ছায়া পড়ে কুসংস্কারে।  
তোমাকে মেলে না কোন যুক্তিতে ॥

তোমায় ছাড়া আমি চলতে চাই।  
তোমায় ছাড়া আমি বাঁচতে চাই।  
জ্ঞান দিয়ে, যুক্তি দিয়ে জীবনটাকে গড়তে চাই ॥

অনন্ত

২৪-০১-০৫

(Typed using free bornosoft2000 by  
Ananta)